# ১০ বা ১১ ডিসেম্বর ত্রয়োদশ জাতীয় নির্বাচনের তপশিল ঘোষণা: ইসি



আজ নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ জানিয়েছেন, রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতের পর ১০ বা ১১ ডিসেম্বর ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তপশিল ঘোষণা করবে ইসি। সিইসির ভাষণের জন্য বিটিভি ও বেতারকে প্রস্তুত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তপশিল ঘোষণার সম্ভাব্য তারিখ আজ সরাসরি গণমাধ্যমকে জানালেন নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ। তিনি বলেন, বুধবার (১০ ডিসেম্বর) রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ শেষে সন্ধ্যায়, অথবা সর্বোচ্চ বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) তপশিল ঘোষণা করবে নির্বাচন কমিশন (ইসি)।

তিনি বলেন, "তপশিল ঘোষণার সময় খুবই সীমিত। ১১ ডিসেম্বরের মধ্যেই তপশিল দিতে হবে। তাই রাষ্ট্রপতির সঙ্গে বৈঠক শেষ করেই আমরা ঘোষণা দিতে প্রস্তুত থাকব। রাজনৈতিক দলসহ সংশ্লিষ্ট সবাইকে সহযোগিতা করতে অনুরোধ জানানো হবে ভাষণে।"

ইসি সূত্র জানায়, তপশিল ঘোষণার অংশ হিসেবে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের ভাষণ রেকর্ড করতে বিটিভি ও বেতারকে চিঠি দিয়েছে ইসি সচিবালয়। ভাষণের মাধ্যমেই তপশিল ঘোষণা করা হবে।

LENS ASIA

তপশিলে আগামী বছরের ফেব্রুয়ারির প্রথমার্ধে ভোটগ্রহণের সম্ভাব্য তারিখ উল্লেখ থাকতে পারে বলে কমিশন জানিয়েছে।

এ এম এম নাসির উদ্দিনের নেতৃত্বাধীন বর্তমান কমিশনের এটি দায়িত্ব গ্রহণের পর প্রথম জাতীয় নির্বাচন। ফলে শুরুতেই বড় পরীক্ষার মুখে পড়ছে ইসি। রাষ্ট্রপতির সঙ্গে প্রায় দুই ঘণ্টার বৈঠকের পর সিইসি তাঁর ভাষণ রেকর্ড করবেন এবং সব কিছু ঠিক থাকলে বুধবার সন্ধ্যাতেই তপশিল প্রচারিত হবে। প্রয়োজন হলে বৃহস্পতিবার ঘোষণা দেওয়া হবে।